

## সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১৫৭২

২৫/ হাজ (হজ/হজ) (১য়৮)

পরিচ্ছেদঃ ২৫/৩৭. মহান আল্লাহর বাণীঃ তা (হজ্জে তামাত্রুণ) তাদের জন্য, যাদের পরিবার-পরিজন মসজিদুল হারামের (সীমানার) মধ্যে বসবাস করে না। (আল-বাকারাঃ ১৯৬)

بَابِ قَوْلِ اللهِ تَعَالَى: {ذَلِكَ لِمَنْ لَمْ يَكُنْ أَهْلُهُ حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ}

আরবী

وَقَالَ أَبُو كَامِلُ فُضَيْلُ بُنُ حُسَيْنِ الْبَصْرِيُّ حَدَّثَنَا أَبُو مَعْشَرٍ الْبَرَّاءُ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ غِيلَاتُ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ سُئِلَ عَنْ مُتْعَةِ الْحَجِّ فَقَالَ أَهْلَ الْمُهَاجِرُونَ وَالْأَنْصَارُ وَأَهْلَلْنَا فَلَمَّا قَدِمْنَا مَكَّةَ وَلَاَنْصَارُ وَأَهْلَلْنَا فَلَمَّا قَدِمْنَا مَكَّةً قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم اجْعَلُوا إِهْلاَلكُمْ بِالْحَجِّ عُمْرَةً إِلاَّ مَنْ قَلَدَ الْهَدْيَ فَطُفْنَا بِالْبَيْتِ وَبِالصَّفَا وَالْمَرْوَةِ وَأَتَيْنَا النِّسَاءَ وَلَبِسْنَا الثِّيَابَ وَقَالَ مَنْ قَلَّدَ الْهَدْيَ فَإِنَّهُ فَطُفْنَا بِالْبَيْتِ وَبِالصَّفَا وَالْمَرُوةِ وَأَتَيْنَا النِّسَاءَ وَلَبِسْنَا الثِّيَابَ وَقَالَ مَنْ قَلَّدَ الْهَدْيَ فَإِنَّهُ لاَيَحِلُّ لَهُ (حَتَّى يَبْلُغُ الْهَدْيُ مُحَلِّهُ) ثُمَّ أَمَرَنَا عَشِيَّةَ التَّرْوِيَةِ أَنْ نُهِلَّ بِالْحَجِّ فَإِذَا فَرَغْنَا مِنْ الْمُدْيِ فَمَنْ لَمْ يَجِدْ فَصِينَامُ ثَلاَثَةٍ أَيَّامٍ فِي الْحَجِّ وَسُبْعَةٍ إِذَا لَلهُ اللهُ اللهُ وَعَلَيْنَا الْهَدْيُ كُمَا السَّاهُ تَعَلْيَ الْمُدْيِ فَمَنْ لَمْ يَجِدْ فَصِينَامُ ثَلاَثَةٍ أَيَّامٍ فِي الْحَجِّ وَسُبْعَةٍ إِذَا لَاللهُ لَاللهُ اللهُ اللهَ اللهُ عَلَالِ اللهُ وَلَا اللهُ اللهُ اللهُ الْمُورَاءُ وَلُو اللّهُ الْمَعَامُ وَلُو الْمُعَلِي وَمُ اللّهُ الْمَعَلِي وَالْمُورَاءُ وَلُولُ الْمُورَاءُ وَلُولُ الْمُعَلِي وَاللّهُ الْقَعْدَةِ وَلُو صَوْمٌ وَالرَّفَتُ الْجَمَاعُ وَلُو الْفُعْدَةِ وَنُو الْمُعَلِي وَلُو الْمُورَاءُ وَالْمُعَالُى وَلُولُ الْمَورَاءُ وَلُولُ الْمُورَاءُ وَلُولُو اللهُ عَلَيْهِ وَمُ أَوْ صَوْمٌ وَالرَّفَتُ الْجَمَاعُ وَلُولُولُ الْمُعَالَى وَلَا الْمُعَالِقُ اللهُ الْمَورَاءُ وَلُولُ الْمُعَالَى وَالرَّفُولُولُولُ اللهُ الْمُورَاءُ اللهُ الْمَورَاءُ وَلُولُ اللهُ الْمُورَاءُ وَلُولُ الْمُعَالِي السَّعَامُ اللهُ الْمُورَاءُ وَلُولُولُولُولُولُولُولُولُولُ الْمُعَالِي اللهُ الْمُورَاءُ وَلُولُولُولُولُولُولُولُولُولُولُ

বাংলা

১৫৭২. ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত যে, হাজে তামাতু' সম্পর্কে তাঁর নিকট জানতে চাওয়া হলে তিনি বললেন, বিদায় হাজের বছর আনসার ও মুহাজির সাহাবীগণ, নবী-সহধর্মিণীগণ ইহরাম বাঁধলেন, আর আমরাও ইহরাম বাঁধলাম। আমরা মঞ্চায় পৌঁছলে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা হাজ্জ-



এর ইহরামকে 'উমরায় পরিণত কর। তবে যারা কুরবানীর পশুর গলায় মালা ঝুলিয়েছে, তাদের কথা ব্যতিক্রম (তারা ইহরাম ভঙ্গ করতে পারবে না)। আমরা বাইতুল্লাহর তাওয়াফ ও সাফা মারওয়ার সা'য়ী করলাম। এরপর স্ত্রী-সহবাস করলাম এবং কাপড়-চোপড় পরিধান করলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে ব্যক্তি কুরবানীর জন্য উপস্থিত করার উদ্দেশে পশুর গলায় মালা ঝুলিয়েছে, পশু কুরবানীর স্থানে না পৌঁছা পর্যন্ত সে হালাল হতে পারে না। এরপর যিলহাজ্জ মাসের আট তারিখ বিকালে আমাদেরকে হাজ্জ-এর ইহরাম বাঁধার নির্দেশ দেন। যখন আমরা হাজ্জ-এর সকল কার্য শেষ করে বাইতুল্লাহর তাওয়াফ ও সাফা-মারওয়া সা'য়ী করে অবসর হলাম, তখন আমাদের হাজ্জ পূর্ণ হল এবং আমাদের উপর কুরবানী করা ওয়াজিব হলো। যেমন মহান আল্লাহ ইরশাদ করেনঃ ''যার পক্ষে সম্ভব সে একটি কুরবানী করবে, আর যার পক্ষে সম্ভব নয় সে হাজ্জ চলাকালে তিনটি সওম পালন করবে এবং ফিরে এসে সাত দিন সওম পালন করবে অর্থাৎ নিজ দেশে ফিরে"- (আল-বাকারাঃ ১৯৬)। একটি বকরীই দম হিসেবে কুরবানীর জন্য যথেষ্ট। একই বছরে সাহাবীগণ হাজ্জ ও 'উমরাহ একসাথে আদায় করলেন। আল্লাহ তাঁর কুরআনে এ বিধান নাযিল করেছেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ তরীকা জারী করেছেন আর মক্কাবাসী ব্যতীত অন্যদের জন্য তা বৈধ করেছেন। আল্লাহ ইরশাদ করেনঃ ''(হাজে তামাত্র') তাদের জন্য, যাদের পরিবার-পরিজন মসজিদে হারামের (হারামের সীমার) মধ্যে বাস করে না"- (আল-বাকারাঃ ১৯৬)। আল্লাহ তাঁর কুরআনে হাজ্জের যে মাসগুলোর কথা উল্লেখ করেছেন তা হলো ঃ শাওয়াল. যিলকাদ ও যিলহাজ্জ। যারা এ মাসগুলোতে তামাত্র' হাজ্জ করবে তাদের অবশ্য দম দিতে হবে অথবা সওম পালন করতে হবে। (আধুনিক প্রকাশনীঃ অনুচ্ছেদ ৩৭ এর শেষাংশ)

الرَّفَثُ অর্থ স্তান্তর্গা অর্থ গুনাহ, الْجَرِالُ অর্থ বিবাদ। (আধুনিক প্রকাশনীঃ , ইসলামিক ফাউন্ডেশনঃ পরিচ্ছেদ ৯৯৭)

## **English**

Ibn 'Abbas said that he has been asked regarding Hajj-at-Tamattu' on which he said, "The Muhajirin and the Ansar and the wives of the Prophet (\*) and we did the same. When we reached Makkah, Allah's Messenger (\*) said, "Give up your intention of doing the Hajj (at this moment) and perform 'Umra, except the one who had garlanded the Hady." So, we performed Tawaf round the Ka'bah and [Sa'y] between As-safa and Al-MArwa, slept with our wives and wore ordinary (stitched) clothes. The Prophet (\*) added, "Whoever has garlanded his Hady is not allowed to finish the Ihram till the Hady has reached its destination (has been sacrificed)". Then on the night of Tarwiya (8th Dhul Hijjah, in the afternoon) he ordered us to assume Ihram for Hajj and when we have performed all the ceremonies of Hajj, we came and performed Tawaf round the Ka'bah and (Sa'y) between As-Safa and Al-Marwa, and then our Hajj was complete, and we had to sacrifice a Hady according to the statement of Allah:



"... He must slaughter a Hady such as he can afford, but if he cannot afford it, he should observer Saum (fasts) three days during the Hajj and seven days after his return (to his home)...." (V. 2:196).

And the sacrifice of the sheep is sufficient. So, the Prophet (\*\*) and his Companions honied the two religious deeds, (i.e. Hajj and 'Umra) in one year, for Allah revealed (the permissibility) of such practice in His book and in the Sunna (legal ways) of His Prophet (\*\*) and rendered it permissible for all the people except those living in Makkah. Allah says: "This is for him whose family is not present at the Al-Masjid-Al-Haram, (i.e. non resident of Makkah)." The months of Hajj which Allah mentioned in His book are: Shawwal, Dhul-Qa'da and Dhul-Hijjah. Whoever performed Hajj-at-Tamattu' in those months, then slaughtering or fasting is compulsory for him.

The words: 1. Ar-Rafatha means sexual intercourse. 2. Al-Fasuq means all kinds of sin, and 3. Al-Jidal means to dispute.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন